




# আপনার আহ্বানের সাথে আপস করবেন না

আশিস রাইচুর

**শুধুমাত্র বিনামূল্যে বিতরণের জন্য**
অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ, বেঙ্গালুরু, ভারতবর্ষ দ্বারা মুদ্রিত ও বণ্টিত।
বর্তমান সংস্করণ: 2024

**যোগাযোগ করার জন্য ঠিকানা**
All Peoples Church & World Outreach,
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

**ফোন নম্বর:** +91-80-25452617
**ই-মেইল: bookrequest@apcwo.org**
**ওয়েবসাইট: apcwo.org**

অন্যথায় নির্দেশিত না হলে, সমস্ত শাস্ত্রের উদ্ধৃতি বাংলা পুরাতন সংস্করণ, (BSI) বাইবেল থেকে নেওয়া হয়েছে। বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া দ্বারা কপিরাইট © 2016। অনুমতি দ্বারা ব্যবহৃত। সমস্ত অধিকার সংরক্ষিত।

**অর্থনৈতিক অংশীদারিত্ব**
অল পিপলস চার্চের সদস্য, অংশীদার এবং বন্ধুদের আর্থিক সহায়তার মাধ্যমে এই প্রকাশনার বিনামূল্যে বিতরণ সম্ভব হয়েছে। আপনি যদি এই বিনামূল্যের প্রকাশনার মাধ্যমে সমৃদ্ধ হয়ে থাকেন, তাহলে আমরা আপনাকে অল পিপলস চার্চ থেকে বিনামূল্যে প্রকাশনা মুদ্রণ এবং বিতরণে সহায়তা করার জন্য আর্থিকভাবে অবদান রাখার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। আপনি যদি জানতে চান যে কীভাবে আপনি এই অবদান করতে পারেন, তাহলে অনুগ্রহ করে **apcwo.org/give** ওয়েবসাইটে যান অথবা এই পুস্তকের পিছনে "অল পিপলস চার্চ-এর সাথে অংশীদারিত্ব করুন" পৃষ্ঠাটি দেখুন। ধন্যবাদ!

**বিনামূল্যের সম্পদ এবং সম্পর্কিত ওয়েবসাইটগুলি**
**প্রচার:** apcwo.org/sermons | **পুস্তক:** apcwo.org/books | **চার্চ অ্যাপ:** apcwo.org/app
**বাইবেল কলেজ:** apcbiblecollege.org | **ই-লার্নিং:** apcbiblecollege.org/elearn
**পরামর্শ দান:** chrysalislife.org | **সঙ্গীত:** apcmusic.org
**পরিচর্যাকারীদের সহভাগীতা:** pamfi.org | **APC ওয়ার্ল্ড মিশনস্:** apcworldmissions.org

(Bengali – Don't Compromise Your Calling)

# আপনার আহ্বানের সাথে আপস করবেন না

# সূচীপত্র


ভূমিকা

1. এই জগতের চিন্তা 1

2. এক বাঁধন যা আমাদের বেঁধে রাখে 2

3. প্রেম যা শিথিল হয়ে পড়েছে 3

4. গৃহীত হওয়ার আকাঙ্খ্যা 4

5. মানুষের পথ অনুযায়ী করা 5

6. এক বড় মূল্য 6

7. ভয়—এক ভয়ানক শত্রু 8

8. সিদ্ধান্ত আপনার 10

# ভূমিকা

আমাদের প্রত্যেকের জন্য ঈশ্বরের কাছে একটি নির্দিষ্ট পরিকল্পনা রয়েছে। আমাদের অধিকাংশ মানুষেরা বিশ্বাস করে ও উপলব্ধি করে যে ঈশ্বরের নির্দিষ্ট পরিকল্পনা হল আমাদের জীবনকে আহ্বান করা। এ ছাড়াও, আমরা এই বিষয়ে অবগত যে ঈশ্বরের পরিকল্পনা এমনি-এমনি পূর্ণ হয় না। আরেক কথায়, আমাদের জীবনে ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করার ক্ষেত্রে আমাদের ভূমিকা রয়েছে। আমরা যেন অবশ্যই ঈশ্বরের সাথে সহযোগিতা করি যাতে তাঁর পরিকল্পনাগুলি ব্যক্তিগত ভাবে আমাদের মধ্যে ও আমাদের মধ্যে দিয়ে পূর্ণতা লাভ করে।

আমাদের উপলব্ধি করা প্রয়োজন আছে যে ঈশ্বর আমাদের কতটা উল্লেখযোগ্য ও বৃহৎ আহ্বানে আহূত করেছেন, সেটা বড় বিষয় নয়, কিন্তু গুরুত্বপূর্ণ এটা যে আমরা যেন সেই আহ্বানকে পূর্ণ করতে পারি। আমাদের মধ্যে কাউকে কাউকে "বড়" কাজ করার জন্য আহ্বান করা হয়েছে, অন্যদেরকে "ছোট" কাজ করার জন্য আহ্বান করা হয়েছে। এই "বড়" ও "ছোট" শুধুমাত্র মানুষের চোখেই ফুটে ওঠে। ঈশ্বরের চোখে, "বড়" বিষয় ও "ছোট" বিষয়গুলি সমান ভাবে গুরুত্বপূর্ণ। তিনি এই বিষয়ে তৎপর যে যাদের "বড়" কাজ করার জন্য আহ্বান করা হয়েছে এবং যাদের "ছোট" কাজ করার জন্য আহ্বান করা হয়েছে, তারা উভয় যেন তাদের আহ্বানকে পূর্ণ করে। এই "বড়" ও "ছোট" একে অপরের উপর নির্ভর করে। একটি যদি ব্যর্থ হয়, তাহলে অপরটিও প্রভাবিত হয়ে থাকে। একজন "বড়" সুসমাচার প্রচারক যিনি লোকেদের ভিড়ের সামনে প্রচার করেন, তিনি সেই "ছোট", অজানা টেকনিশিয়ানের উপর নির্ভরশীল যিনি সাউন্ড সিস্টেমকে প্রস্তুত করে। কী হবে যদি সেই টেকনিশিয়ান তার কাজটি করতে ব্যর্থ হয়, অথবা খারাপ ভাবে করে?

যাই হোক, আমাদের সবাই, সে "বড়" কাজ করার জন্য অথবা "ছোট" কাজ করার জন্য আহূত হই, প্রতিকূলতার সম্মুখীন করে থাকবো যা আমাদেরকে ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করা থেকে আটকাতে পারে।

তখন, শয়তান আমাদের বাধা দেওয়ার চেষ্টা করে যাতে আমরা ঈশ্বরের আহ্বানকে অনুধাবন করতে না পারি। আমাদের মধ্যে কেউ কেউ যারা উদ্যমের সাথে ঈশ্বরের পরিকল্পনাকে অনুধাবন করা শুরু করেছে, তারা কোনো না কোনো ভাবে আপস করেছে এবং তাঁর পরিকল্পনাকে অনুধাবন করা বন্ধ করে দিয়েছে। আমরা কোথাও পথে থেমে গিয়েছি। আমরা বিক্ষিপ্ত হয়ে পড়তে পারি, এবং ঈশ্বরের রাজ্যকে অনুধাবন করার পরিবর্তে, আমরা হয়ত আমাদের শক্তি ব্যায় করছি সাফল্য, ধন, অথবা ব্যক্তিগত লক্ষ্যগুলিকে অনুধাবন করাতে। আমাদের মধ্যে কেউ কেউ এতটাই দৈনন্দিন জীবনের কাজের মধ্যে জর্জরিত হয়ে পড়েছে যে স্বর্গীয় আহ্বানের প্রতি সাড়া দিতে আমরা অবহেলা করেছি। ঈশ্বরের বাক্য যা আমাদের কাছে এসেছিল, স্বপ্ন ও দর্শন যা পবিত্র আত্মা আমাদের প্রদান করে থাকেন, সেইগুলিকে কোথাও কোণের মধ্যে সরিয়ে রেখেছি। সেইগুলিকে হয় আমরা ভুলে গিয়েছি, অথবা ইচ্ছাকৃত ভাবে, অবিশ্বাসের কারণে সেইগুলিকে অবহেলা করে এসেছি। এই পুস্তকের উদ্দেশ্য হল আমাদেরকে উদ্দীপিত করে তোলা। এর উদ্দেশ্য হল আমাদেরকে কিছু ফাঁদ সম্পর্কে সাবধান করা যার মধ্যে আমরা আটকে পড়তে পারি, যাতে পাছে আমরা উত্তম যুদ্ধে লড়তে ও আমাদের সামনে রাখা দৌড় সম্পূর্ণ করতে ব্যর্থ না হই।

ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুক!
আশিস রাইচুর

## 1

# এই জগতের চিন্তা

প্রেরিত পৌলের সাথে অনেক লোকেরা ছিলেন যারা তার সাথে কাজ করেছিলেন অথবা যারা তার পরিচর্যার কাজে নিযুক্ত ছিলেন, যাদের নাম তিনি তার চিঠিগুলিতে উল্লেখ করেছেন। একজন ব্যক্তি আছেন, যার নাম পৌল তিনটি আলাদা আলাদা স্থানে উল্লেখ করেছেন। পৌল দীমা-কে তার "সহকর্মী" বলে আখ্যাত করেছেন ফিলীমনের উদ্দেশে লেখা চিঠিতে (ফিলীমন 1:24) এবং কলসীয়দের উদ্দেশে শুভেচ্ছা পাঠানোর সময়ে তার নাম উল্লেখ করেছিলেন (কলসীয় 4:14)। কিন্তু, পরের বার যখন পৌল দীমার নাম উল্লেখ করেন, এবং সেটাই ছিল তার শেষ বারের মতো উল্লেখ করা, তিনি লিখেছেন, *"কেননা দীমা এই বর্ত্তমান যুগ ভাল বাসাতে আমাকে ত্যাগ করিয়াছে, এবং থিষলনীকীতে গিয়াছে"* (2 তীমথিয় 4:10)। কল্পনা করুন এমন একজন মানুষ যে পৌলের সাথে কাঁধে-কাঁধ মিলিয়ে কাজ করেছেন, এবং যিনি পৌলের সহকর্মী ছিলেন, তিনি জগতের দ্বারা এতটাই ভ্রান্ত হয়ে গিয়েছিলেন যে তিনি পরিচর্যার কাজ ও প্রেরিত পৌলকে ত্যাগ করেছিলেন এই জগতে তার নিজস্ব পরিকল্পনাগুলিকে অনুধাবন করার জন্য।

আমাদের সবাইকে আমাদের হৃদয়কে রক্ষা করতে হবে এই জগতের আকর্ষণ ও চিন্তাগুলি থেকে। এক দিকে, জীবন অত্যন্ত সহজ ও আরামদায়ক হয়ে উঠতে পারে, যে আমরা ভুলেই যাই স্বর্গীয় আহ্বানকে অনুধাবন করার প্রয়োজনকে। অপর দিকে, জীবন আমাদের অনেক কিছু সমস্যা ও দুশ্চিন্তা দিয়ে ভারাক্রান্ত করে তুলতে পারে যে আমরা আমাদের প্রতিকূলতাগুলিকে অতিক্রম করার জন্য এতটাই ব্যস্ত হয়ে পড়ি ও সফল হই, যে আহ্বানকে অবহেলা করে থাকি। যীশু বলেছেন, *"কিন্তু সংসারের চিন্তা, ধনের মায়া ও অন্যান্য বিষয়ের অভিলাষ ভিতরে গিয়া ঐ বাক্য চাপিয়া রাখে, তাহাতে তাহা ফলহীন হয়"* (মার্ক 4:19)। এই জগতকে - তার সমস্যা অথবা আরামগুলিকে - সেই ঈশ্বরের বাক্যকে চুরি করে নিতে দেবেন না যা ঈশ্বর আপনার জীবনের জন্য বলেছেন!

# 2

# এক বাঁধন যা আমাদের বেঁধে রাখে

যদিও এটা একটা অসাধারণ বিষয় পরিবার ও বন্ধুদের সঙ্গে পাওয়া যারা আমাদের ভালোবাসে ও আমাদের যত্ন নিয়ে থাকে, অনেকসময়ে এই বাঁধনগুলিই আমাদের আবদ্ধ করে রাখে ও ঈশ্বরের আহ্বানকে অনুধাবন করা থেকে আটকায়। কতজন যুবক ও যুবতীরা, তাদের মা ও বাবার আকাঙ্ক্ষাকে পূর্ণ করতে গিয়ে, তাদের স্বর্গীয় আহ্বানের সাথে আপস করেছে ও সেই সকল বিষয়গুলিকে অনুধাবন করেছে যা ঈশ্বর কখনই তাদের জীবনের জন্য রাখেননি। লূক লিখিত সুসমাচারে এই কথাটি লেখা আছে, *"আর এক জনকে তিনি বলিলেন, আমার পশ্চাৎ আইস। কিন্তু সে কহিল, প্রভু, অগ্রে আমার পিতার কবর দিয়া আসিতে অনুমতি করুন। তিনি তাহাকে বলিলেন, মৃতেরাই আপন আপন মৃতদের কবর দিউক; কিন্তু তুমি গিয়া ঈশ্বরের রাজ্য ঘোষণা কর। আর এক জন কহিল, প্রভু, আমি আপনার পশ্চাৎ যাইব, কিন্তু অগ্রে নিজ বাটীর লোকদের নিকটে বিদায় লইয়া আসিতে অনুমতি করুন। কিন্তু যীশু তাহাকে কহিলেন, যে কোন ব্যক্তি লাঙ্গলে হাত দিয়া পিছনে ফিরিয়া চায়, সে ঈশ্বরের রাজ্যের উপযোগী নয়"* (লূক 9:59-62)।

ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করা যেন পরিবারের অন্য সকল দায়িত্বভার পূর্ণ করার আগে আসে। এটি দায়িত্বহীন হওয়ার অথবা পরিবারকে অবহেলা করার কোনো ছাড়পত্র নয়। বরং, প্রাধান্যগুলিকে কী ক্রমে সাজাচ্ছেন, সেটা গুরুত্বপূর্ণ। প্রভুর প্রতি ও তাঁর রাজ্যের প্রতি আমাদের অঙ্গীকার প্রত্যেক পার্থিব সম্পর্কের আগে আসে। *"যদি কেহ আমার নিকটে আইসে, আর আপন পিতা, মাতা, স্ত্রী সন্তানসন্ততি, ভ্রাতৃগণ, ও ভগিনীগণকে এমন কি, নিজ প্রাণকেও অপ্রিয় জ্ঞান না করে, তবে সে আমার শিষ্য হইতে পারে না"* (লূক 14:26)। এমন কোনো সম্পর্ক অথবা বন্ধুত্ব রয়েছে যা আমাদেরকে ঈশ্বরের আহ্বানকে অনুধাবন করা থেকে আটকাচ্ছে? হয়ত আমরা সঠিক ভাবে শুরু করেছিলাম, কিন্তু অজান্তেই, যীশু একটি নিম্ন অগ্রাধিকার পেয়েছেন অন্যান্য কিছু পার্থিব সম্পর্কগুলির চেয়ে। এখন সময় সবকিছু ঠিক করে নেওয়ার! পার্থিব সম্পর্কের জন্য আমরা ঈশ্বরের আহ্বানকে পরিত্যাগ করতে পারি না।

# 3

# প্রেম যা শিথিল হয়ে পড়েছে

বর্তমানে ঈশ্বরের প্রতি আপনার আবেগ কতটা শক্তিশালী? আপনি কি ঈশ্বরের গৃহের জন্য ও ঈশ্বরের বিষয়গুলির জন্য উদ্যমে পরিপূর্ণ? যীশুর বিষয়ে লেখা হয়েছে: *"কারণ তোমার গৃহনিমিত্তক উদ্যোগ আমাকে গ্রাস করিয়াছে"* (গীতসংহিতা 69:9; যোহন 2:17)। ঈশ্বরকে অন্বেষণ করা ও তাঁকে সেবা করা কি আপনার কাছে একটা সুবিধার বিষয় এবং একটি অগ্রাধিকার নয়? আপনি কি শুধু তখনই প্রার্থনা করেন যখন আপনার কাছে সময় থাকে, নাকি আপনি প্রার্থনা করার জন্য সময় করে নেন? আপনি কি মণ্ডলীতে যান একটি ধর্মীয় দায়িত্ব পূর্ণ করার দ্বারা আপনার বিবেককে সন্তুষ্ট করার জন্য নাকি আপনি যান কারণ এতে আপনি আনন্দ পান? গীতরচক এই কথাটির মধ্যে দিয়ে তার হৃদয়কে ব্যক্ত করেছেন, *"সদাপ্রভুর কাছে আমি একটী বিষয় যাচ্ঞা করিয়াছি, তাহারই অন্বেষণ করিব, যেন জীবনের সমুদয় দিন সদাপ্রভুর গৃহে বাস করি, সদাপ্রভুর সৌন্দর্য্য দেখিবার ও তাঁহার মন্দিরে অনুসন্ধান করিবার জন্য"* (গীতসংহিতা 27:4)। অথবা আপনি হয়তো বলেন যে আপনি প্রভুকে ভালোবাসেন, কিন্তু সেই আগুন আগের মতো আর তীব্র নেই! যে প্রেম শিথিল হয়ে পড়েছে, সেই প্রেম শুধুমাত্র সুবিধাজনক কাজগুলিই করবে, তাঁর আদেশগুলিকে নয়। আপনি যদি শুধুমাত্র সুবিধাজনক ও আরামদায়ক বিষয়গুলিকে করেন এবং তাঁর আদেশগুলিকে পালন না করেন, তাহলে আপনি কখনই তাঁর আহ্বানকে পূর্ণ করতে পারবেন না।

আমাদের যদি ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করতে হয়, তাহলে আমাদেরকে সমস্ত হৃদয়, প্রাণ, মন ও শক্তি দিয়ে ঈশ্বরকে প্রেম করতে হবে (মার্ক 12:30)। নিজেদেরকে উদ্দীপিত করে তুলতে হবে যাতে আমরা সম্পূর্ণ হৃদয় দিয়ে তাঁকে অন্বেষণ করতে পারি। তাঁকে সর্বোত্তম দেওয়ার জন্য আমাদের সর্বোত্তম প্রচেষ্টা করতে হবে।

# 4

# গৃহীত হওয়ার আকাঙ্খ্যা

সবাই আমাদেরকে প্রশংসা করবে না, বাহবা দেবে না, অথবা আমাদের জীবনে ঈশ্বরের আহ্বানকে অনুসরণ করার জন্য প্রশংসা করবে না। আমরা যদি শুধুমাত্র লোকেদের চোখে গৃহীত হওয়ার জন্য জীবন যাপন করি, এমনকি যারা আমাদের খুব কাছের, তাহলে আমরা হতাশ হবো। তখন আমরা ঈশ্বরদত্ত কাজগুলি করার জন্য স্বাধীন অনুভব করবো না। আমাদের অগ্রাধিকার যেন আমাদের স্বর্গীয় পিতাকে সন্তুষ্ট করা হয়। যীশু বলেছেন, *"তোমরা কিরূপে বিশ্বাস করিতে পার? তোমরা ত পরস্পরের নিকটে গৌরব গ্রহণ করিতেছ, এবং একমাত্র ঈশ্বরের নিকট হইতে যে গৌরব আইসে, তাহার চেষ্টা কর না"* (যোহন 5:41,44)। অনেক মানুষেরা তাদের জীবনে ঈশ্বরের আহ্বানের সাথে আপস করে কারণ তারা নিজেদেরকে এমন এক অবস্থানে বসায় যেখানে তাদেরকে লোকেদের অথবা সংস্থাকে সন্তুষ্ট করতে হয়। সুতরাং, ঈশ্বর যখন তাদেরকে আহ্বান করেন কোনো নতুন কিছু করার জন্য, কিছু আলাদা করার জন্য, এমন কিছু যা অন্যেরা দেখে অবাক হবে, তখন তারা বাধ্য হয়ে পা বাড়াতে পারে না, কারণ তারা প্রত্যাখিত হওয়ার ভয় করে। আমরা এখানে মূর্খতাকে সমর্থন করছি না, যেখানে আমরা আমাদের ইচ্ছামতো কাজ করি যখন ঈশ্বরের লোকেরা সেই কাজগুলিকে মেনে নেয় না। আমরা বলছি মানুষের প্রশংসার আগেও ঈশ্বরের প্রতি বাধ্যতাকে রাখা। আপনি বর্তমানে কোথায় আছেন? আপনি কি সেই মানুষের দৃষ্টিতে প্রশংসা না পেয়েই সেই সকল কাজ করতে সক্ষম যা করার জন্য ঈশ্বর আপনাকে আহ্বান করেছেন?

# 5

# মানুষের পথ অনুযায়ী করা

আমাদের জীবনের উদ্দেশ্য সম্পর্কে আমাদের শুধুমাত্র স্বর্গ থেকে শুনলেই হবে না, কিন্তু আমাদেরকে ঈশ্বরের নির্দেশ গ্রহণ করতে হবে সেই স্থানে পৌঁছানোর জন্য। নিজেদের পদ্ধতি দ্বারা আমরা কখনই একটি স্বর্গীয় আহ্বানকে পূর্ণ করতে পারবো না। উভয় আহ্বান এবং সেই আহ্বানকে পূর্ণ করার উপায় যেন ঈশ্বরের থেকে আসে। প্রেরিত পৌল লিখেছেন, *"কিন্তু যিনি আমাকে আমার মাতার গর্ভ হইতে পৃথক্ করিয়াছেন, এবং আপন অনুগ্রহ দ্বারা আহ্বান করিয়াছেন, তিনি যখন আপন পুত্রকে আমাতে প্রকাশ করিবার সুবাসনা করিলেন, যেন আমি পরজাতিগণের মধ্যে তাঁহার বিষয়ে সুসমাচার প্রচার করি, তখন আমি ক্ষণমাত্রও রক্তমাংসের সহিত পরামর্শ করিলাম না"* (গালাতীয় 1:15,16)। যে বিষয়গুলি আমরা করে থাকি ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করার জন্য—সেইগুলি ঈশ্বর দত্ত ধারণা, পদ্ধতি, অনুষ্ঠান, ও কৌশল, নাকি আমাদের নিজস্ব বিষয়? এইগুলি স্বর্গ থেকে আসে অথবা মাংস থেকে আসে? এইগুলির পিছনে কী অভিপ্রায় লুকিয়ে রয়েছে? আমরা কি পবিত্র আত্মাকে অনুসরণ করছি নাকি কোনো মানুষকে অনুকরণ করছি?

আমাদেরকে আমাদের ধারণাগুলিকে পবিত্র আত্মার পরিচালনার অধীনে সমর্পণ করা উচিৎ। আমাদের কাছে যেন অবশ্যই উদ্যম থাকে প্রভুর সেবা করার জন্য ও তাঁর রাজ্যের জন্য কাজ করার জন্য, কিন্তু এই উদ্যমকে আমরা যেন পবিত্র আত্মার পরিচালনার অধীনে সঁপে দিই। আমাদের "যাওয়া" উচিৎ এই কারণে নয় যে সবাই "যাচ্ছে" বলে অথবা কেউ আমাদেরকে "যেতে" বলেছে বলে। আমাদের "যাওয়া" উচিৎ কারণ ঈশ্বর আমাদের পাঠাচ্ছেন, এবং আমাদের সেই স্থানে যাওয়া উচিৎ যেখানে তিনি আমাদের পাঠাচ্ছেন। ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করার চাবিকাঠি হল তাঁর পরিচালনাকে অনুসরণ করা, পথের প্রত্যেকটি ধাপে।

# 6

# এক বড় মূল্য

ঈশ্বরের আহ্বান মূল্যবিহীন নয়। অনেক ত্যাগস্বীকার, তাড়না এবং কষ্টভোগের মধ্যে দিয়ে যেতে হবে, ঝুঁকি নিতে হবে, এবং আরও অনেক কিছু করতে হবে। যীশু তাঁকে অনুসরণ করার মূল্যর বিষয়ে শিক্ষা দিয়েছিলেন। তিনি আমাদেরকে মূল্য গণনা করতে বলেছিলেন।

**লূক 14:28-33**
**28 বাস্তবিক দুর্গ নির্ম্মাণ করিতে ইচ্ছা হইলে তোমাদের মধ্যে কে অগ্রে বসিয়া ব্যয় হিসাব করিয়া না দেখিবে, সমাপ্ত করিবার সঙ্গতি তাহার আছে কি না?**
**29 কি জানি ভিত্তিমূল বসাইলে পর যদি সে সমাপ্ত করিতে না পারে, তবে যত লোক তাহা দেখিবে, সকলে তাহাকে বিদ্রূপ করিতে আরম্ভ করিবে,**
**30 বলিবে, এ ব্যক্তি নির্ম্মাণ করিতে আরম্ভ করিয়াছিল, কিন্তু সমাপ্ত করিতে পারিল না।**
**31 অথবা কোন্ রাজা অন্য রাজার সহিত যুদ্ধে সমাঘাত করিতে যাইবার সময়ে অগ্রে বসিয়া বিবেচনা করিবেন না, যিনি বিংশতি সহস্র সৈন্য লইয়া আমার বিরুদ্ধে আসিতেছেন, আমি দশ সহস্র লইয়া কি তাঁহার সম্মুখবর্ত্তী হইতে পারি?**
**32 যদি না পারেন, তবে শত্রু দূরে থাকিতে তিনি দূত প্রেরণ করিয়া সন্ধির নিয়ম জিজ্ঞাসা করিবেন।**
**33 ভাল, তদ্রূপ তোমাদের মধ্যে যে কেহ আপনার সর্ব্বস্ব ত্যাগ না করে, সে আমার শিষ্য হইতে পারে না।**

যীশুকে অনুসরণ করার জন্য কী মূল্য দিতে লাগবে? সবকিছু! যীশু বলেছেন যে আমাদেরকে সবকিছু ত্যাগ করার প্রয়োজন আছে। "ত্যাগ" করার অর্থ হল যে আমরা এখন সেই বিষয়টির মালিক নই। ঈশ্বর মালিক এবং আমাদের কাছে যা কিছু আছে, সেই দিয়েই তিনি আমাদেরকে সেই কাজটি করতে বলতে পারেন যা তিনি করতে চান। আমাদের কাছে কী রয়েছে অথবা কতটা রয়েছে গুরুত্বপূর্ণ নয়। আমরা কি সব প্রভুর কাছে দিয়ে দিয়েছি? অথবা আমাদের জীবনে এখনও কিছু বিষয় আছে—সম্পত্তি, পরিকল্পনা, স্বপ্ন, লক্ষ্য, সম্পর্ক, অভ্যাস—যেগুলি ঈশ্বর যদি ত্যাগ

করতে বলেন, পাশে সরিয়ে রাখতে বলেন, সেটা ছাড়া কাজ করতে বলেন, তাহলে আমাদের জন্য কি খুব কঠিন হয়ে উঠবে? ঈশ্বর কি আমাদের টাকা-পয়সার মালিক নাকি আমরা একমাত্র মালিক? ঈশ্বরের কাছে কি স্বাধীনতা আছে আমাদের জীবনে কথা বলার এবং আমাদের টাকা নিয়ে কী করবো সেটার বিষয়ে নির্দেশ দেওয়ার? আমরা কি বীজ বপন করতে ইচ্ছুক যেখানে তিনি চান আমরা বীজ বপন করি? আমরা কতটা ত্যাগস্বীকার করছি সেটা নয়, কিন্তু কী কী বিষয় আমরা ত্যাগ করি না, সেটা নির্ধারণ করবে যে আমরা ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করতে পারব কি না। অনেকে অনেক কিছু ত্যাগ করেছে, কিন্তু সামান্য ছোট ছোট বিষয় রয়েছে যা তারা ত্যাগ করেনি, এবং সেইগুলি তাদেরকে বাধা দিচ্ছে ঈশ্বরের পূর্ণতায় প্রবেশ করা থেকে, যা ঈশ্বর তাদের জীবনের মধ্যে আহ্বান করেছেন। সেই কয়েকটি বিষয়কে ত্যাগ করার মূল্য বাকি সব বিষয়গুলিকে ত্যাগ করার মূল্যের চেয়ে অনেক বেশী। কিন্তু সদাপ্রভু সেটাই আমাদের কাছ থেকে চাইছেন! এই মূল্যটি কি অনেক আপনার জন্য? মনে রাখবেন আমাদের জীবনে ঈশ্বর পিতার স্বীকৃতি লাভ করার পুরস্কার আরও অনেক বেশী মহান! আপনি কি মূল্য দেবেন আপনার জীবনে ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করার জন্য?

# 7

# ভয়—এক ভয়ানক শত্রু

অনেক মানুষেরা তাদের জীবনে ভয়ের কারণে ঈশ্বরের আহ্বানের সাথে আপস করে—ব্যর্থতার ভয়, ভবিষ্যতের ভয়, অভাবের ভয়, এবং মানুষের ভয়। তারা পা বাড়িয়ে ঈশ্বরের আহ্বানে এগোয়ে না কারণ ভয় তাদেরকে আটকে রেখেছে। কেউ কেউ মনে করতে পারে, "ঈশ্বর চান আমি একটি নির্দিষ্ট স্থানে যাই ও সেখানে একটি মণ্ডলী স্থাপন করি, কিন্তু যদি আমি ব্যর্থ হই? মণ্ডলী যদি বৃদ্ধি না পায়?" ব্যর্থতার ভয় তাদেরকে পা বাড়ানো থেকে আটকে রাখে। আমাদেরকে স্মরণে রাখতে হবে যে ঈশ্বর আমাদের বিজয়ী করেন (2 করিন্থীয় 2:14)। সুতরাং, আমরা আমাদের নির্ভরতা ঈশ্বরের উপর রাখি। আমাদেরকে ঈশ্বরের দৃষ্টিকোণ থেকে সাফল্য ও ব্যর্থতাকে দেখতে হবে। সাফল্য হল ঈশ্বরের ইচ্ছাকে করা ও তিনি আমাদেরকে যা কিছু আদেশ দিয়েছেন সেইগুলিকে পূর্ণ করা। সংখ্যা, আমরা কী অর্জন করছি এবং আমাদের খ্যাতির মধ্যে সাফল্য লুকিয়ে নেই।

কেউ কেউ ভবিষ্যতের ভয়ের দ্বারা আবদ্ধ। তারা মনে করে, "আমি যদি এখন ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী কাজ করি, তাহলে পরে কী হবে?" তারা ভয় পায় কারণ তারা ভবিষ্যতকে দেখতে পায়না। ঈশ্বর সবকিছু আমাদেরকে একবারে দেখতে দেন না। তিনি আমাদের পরিচালনা করেন, এক-এক ধাপ করে। ঈশ্বর শুরু থেকে শেষ পর্যন্ত জানেন। তিনি জানেন যে এর পর কী আসবে। আমাদের শুধু তাঁকে ভরসা করতে হবে ও আমাদের বর্তমান জীবনের পর্যায়ে তিনি কী চান, সেই অনুযায়ী কাজ করতে হবে। আমাদের জন্য পরিকল্পনা করা গুরুত্বপূর্ণ, কিন্তু তার চেয়েও বেশী গুরুত্বপূর্ণ হল ঈশ্বরের বাধ্য হওয়া। অনেক সময়ে, ঈশ্বরের বাক্য এবং তাঁর পথনির্দেশ আমাদের চিন্তাভাবনা করা পরিকল্পনার মধ্যে খাপ খায় না। কিন্তু তবুও আমাদেরকে বাধ্য হতে হবে!

কেউ কেউ অভাবের ভয়ের দ্বারা আবদ্ধ। তারা ভয় পায় যে তাদের দৈনিক প্রয়োজনগুলি মিটবে না যদি তারা ঈশ্বরের আহ্বান অনুযায়ী কাজ করে। যীশু বলেছেন, *"ঈশ্বরেতে বিশ্বাস কর"* (মার্ক 11:22)। ঈশ্বর যোগান দেওয়ার প্রতিজ্ঞা করেছেন। তাঁর বাক্যের উপর আপনার বিশ্বাস যেন হৃদয় থেকে ভয়কে দূর করে!

অন্যেরা মানুষের ভয় দ্বারা আবদ্ধ। তারা অন্যদের দ্বারা ভীত হয়ে আছে—লোকেরা যারা তাদের তাড়না করতে পারে, এবং অনেক সময়ে অন্যান্য পরিচর্যাকারীদের দাঁড়াও হতে পারে। বাইবেল বলে, *"লোক-ভয় ফাঁদজনক; কিন্তু যে সদাপ্রভুতে বিশ্বাস করে, সে উচ্চে স্থাপিত হইবে"* (হিতোপদেশ 29:25)। ঈশ্বরের উপর নির্ভর করার দ্বারা, আপনি ভয়ের বিরুদ্ধে পদক্ষেপ নিতে পারবেন যা আপনাকে পিছনে টেনে রেখেছে। ঈশ্বর যিহোশূয়কে কী বলেছিলেন, সেটা স্মরণে রাখবেন, *"আমি কি তোমাকে আজ্ঞা দিই নাই? তুমি বলবান হও ও সাহস কর, মহাভয়ে ভীত কি নিরাশ হইও না; কেননা তুমি যে কোন স্থানে যাও, সেই স্থানে তোমার ঈশ্বর সদাপ্রভু তোমার সহবর্ত্তী"* (যিহোশূয় 1:9)। সদাপ্রভুতে সাহসী হন। ঈশ্বরেতে আপনার বিশ্বাস যেন আপনাকে তাঁর আহ্বানের প্রতি বাধ্য হতে স্বাধীন করে!!

# ৪

# সিদ্ধান্ত আপনার

ঈশ্বরের সাথে আমাদের গমনাগমনের একটা সুন্দর বিষয় হল যে আমরা আমাদের হৃদয়ের মধ্যে সদাপ্রভুকে অন্বেষণ করার একটা উদ্দেশ্য রাখতে পারি ও বাস্তবে করতেও পারি। আমরা অনুতাপ করতে পারি ও পরিবর্তিত হতে পারি। ঈশ্বরের সাথে আমরা এগিয়ে চলতে পারি। বাস্তবে, আমাদের অবশ্যই এমন করতে হবে। কিন্তু, যখন আমরা ভুল সিদ্ধান্ত নিয়ে নিই অথবা আপস করে নি, এবং সমস্যায় পড়ি, তখনই ঈশ্বর আমাদেরকে বের করে আনতে সক্ষম। গীতরচক বলেছেন, *"তিনি বিনাশের গর্ত্ত হইতে, পঙ্কময় ভূমি হইতে, আমাকে তুলিলেন, তিনি শৈলের উপরে আমার চরণ রাখিলেন, আমার পাদসঞ্চার দৃঢ় করিলেন"* (গীতসংহিতা 40:2)। যে বিষয়টি আমাদের জন্য করা গুরুত্বপূর্ণ, তা হল সততার সাথে আমাদের জীবনকে নিরীক্ষণ করা এবং প্রয়োজনীয় পরিবর্তনগুলি করার জন্য ঈশ্বরের শক্তি গ্রহণ করা।

আপনি কি আপনার আহ্বানের সাথে আপস করেছেন? আপনি কি ঈশ্বরের আহ্বানকে সমস্ত হৃদয় দিয়ে অনুধাবন করছেন? বর্তমানে আপনাকে কী কী পরিবর্তন করতে হবে যাতে আপনি আপনার জীবনে ঈশ্বরের আহ্বানের সাথে সম্পূর্ণ ভাবে সারিবদ্ধ হতে পারেন?

আমাদের কাছে সিদ্ধান্ত রয়েছে। আমরা জীবনের মধ্যে দিয়ে গমন করতে পারি, উদ্ধার পেতে পারি, কিন্তু তবুও সমস্ত হৃদয় দিয়ে ঈশ্বরের আহ্বানকে অনুধাবন নাও করতে পারি। আমরা স্বর্গে চলে যাবো, কিন্তু আমরা আমাদের সঙ্গে অনন্তকালে কোনো ফল নিয়ে যেতে পারব না। অপর দিকে, আমাদের জীবনে ঈশ্বরের আহ্বানকে অন্বেষণ করতে ও পূর্ণ করতে যা কিছুর প্রয়োজন, সেইগুলি আমরা করতে পারি। এই পৃথিবীতে আমাদের দেখে মূর্খ মনে হতে পারে। কিন্তু, যখন আমরা স্বর্গে পৌঁছবো এবং আমাদের কাজগুলিকে আগুনের মধ্যে দিয়ে পরীক্ষা করা

হবে, আমাদের কাছে সেই ফল থাকবে যা অনন্তকালীন থাকবে। প্রেরিত পৌল তীমথিয়কে এই বলে উৎসাহ ও শিক্ষা দিয়েছিলেন, *“তুমি আপনাকে ঈশ্বরের কাছে পরীক্ষাসিদ্ধ লোক দেখাইতে যত্ন কর; এমন কার্য্যকারী হও, যাহার লজ্জা করিবার প্রয়োজন নাই, যে সত্যের বাক্য যথার্থরূপে ব্যবহার করিতে জানে”* (2 তীমথিয় 2:15)। ঈশ্বরের কাছে পরীক্ষাসিদ্ধ, কার্যকারী লোক প্রমাণিত হওয়ার জন্য ও লজ্জিত না হওয়ার জন্য আমাদের কিছু করণীয় আছে। সময় ও পরিশ্রমের প্রয়োজন ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করার জন্য নিজেকে প্রস্তুত করতে। ত্যাগস্বীকার ও প্রতিকূলতার সম্মুখীন হতে হবে। কিন্তু আমরা যেন আমাদের সর্বোত্তম প্রচেষ্টা করি।

এই অন্তিম সময়ে, ঈশ্বর সেই সকল পুরুষ ও মহিলাদের খুঁজছেন যারা 100% তাঁর আহ্বানের প্রতি অঙ্গীকারবদ্ধ থাকবে। তাঁর সেই সকল লোকেদের প্রয়োজন যারা সম্পূর্ণ ভাবে তাঁর কাছে বিক্রয় হয়ে গিয়েছে— এমন লোকেরা যারা আপস করবে না।

আমরা আপনাকে প্রেরিত পৌলের এই কথাগুলি দ্বারা উৎসাহিত করতে চাই:

**ফিলিপীয় 3:12-14**
**[12] আমি যে এখন পাইয়াছি, কিম্বা এখন সিদ্ধ হইয়াছি, তাহা নয়; কিন্তু যাহার নিমিত্ত খ্রীষ্ট যীশু কর্ত্তৃক ধৃত হইয়াছি, কোন ক্রমে তাহা ধরিবার চেষ্টায় দৌড়িতেছি।**
**[13] ভ্রাতৃগণ, আমি যে তাহা ধরিয়াছি, আপনার বিষয়ে এমন বিচার করি না; কিন্তু একটী কাজ করি, পশ্চাৎ স্থিত বিষয় সকল ভুলিয়া গিয়া সম্মুখস্থ বিষয়ের চেষ্টায় একাগ্র হইয়া**
**[14] লক্ষ্যের অভিমুখে দৌড়িতে দৌড়িতে আমি খ্রীষ্ট যীশুতে ঈশ্বরের কৃত ঊর্দ্ধদিক্‌স্থ আহ্বানের পণ পাইবার জন্য যত্ন করিতেছি।**

লেগে থাকুন ও *“কোন ক্রমে তাহা ধরিবার চেষ্টায়”* (ফিলিপীয় 3:12) থাকুন যেটার জন্য যীশু আপনাকে ধরেছেন। দৌড়ের শেষ সীমা পর্যন্ত লেগে থাকুন। আপনার স্বর্গীয় আহ্বানের প্রতি লেগে থাকুন। এর জন্য পরিশ্রম প্রয়োজন, কিন্তু এর জন্য পরিশ্রম করা যেতেই পারে! ঈশ্বর আপনার জীবনে যে আহ্বান রেখেছেন, তার সাথে কোনো আপস করবেন না!!

# আপনি কি সেই ঈশ্বরকে জানেন যিনি আপনাকে প্রেম করেন?

প্রায় 2000 বছর আগে, ঈশ্বর মানব রূপ ধারণ করে এই জগতে এসেছিলেন। তাঁর নাম হল যীশু। তিনি একটা নিষ্পাপ জীবন যাপন করেছিলেন। যেহেতু যীশু মানব রূপে ঈশ্বর ছিলেন, তিনি যা কিছু বলেছেন ও করেছেন, তার দ্বারা ঈশ্বরকে আমাদের কাছে প্রকাশ করেছেন। যে কথাগুলি তিনি বলেছিলেন, সেইগুলি ঈশ্বরের কথা। তিনি যে কাজগুলি সাধন করেছিলেন, সেইগুলি ঈশ্বরের কাজ। এই পৃথিবীতে যীশু অনেক আশ্চর্য কাজ সাধন করেছিলেন। তিনি অসুস্থদের ও পীড়িতদের সুস্থ করেছিলেন। তিনি অন্ধ মানুষদের দৃষ্টিদান করেছিলেন, বধিরদের শ্রবণশক্তি ফিরিয়ে দিয়েছিলেন, খঞ্জদের চলতে সাহায্য করেছিলেন এবং প্রত্যেক ধরণের অসুস্থতা ও ব্যাধি সুস্থ করেছিলেন। আশ্চর্য ভাবে কয়েকটি রুটিকে প্রচুর সংখ্যক রুটিতে পরিণত করে ক্ষুধার্তদের খাইয়েছিলেন, ঝড় থামিয়েছিলেন এবং অনেক আশ্চর্য কাজ করেছিলেন।

**এই সকল কিছু আমাদের কাছে প্রকাশ করে যে ঈশ্বর উত্তম, যিনি চান যে লোকেরা যেন সুস্থ হয়, সম্পূর্ণ হয়, স্বাস্থ্যকর হয় এবং খুশী থাকে। ঈশ্বর তার লোকেদের প্রয়োজন মেটাতে চান।**

তাহলে কেনই বা ঈশ্বর মানব রূপ ধারণ করে আমাদের এই পৃথিবীতে আসার সিদ্ধান্ত নিলেন? যীশু কেন এসেছিলেন?

আমরা সকলে পাপ করেছি এবং সেই সকল কাজ করেছি যা আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের কাছে অগ্রহণীয়। পাপের পরিণাম আছে। পাপ হল ঈশ্বর এবং আমাদের মাঝে একটা দুর্ভেদ্য প্রাচীর। পাপ আমাদের ঈশ্বর থেকে পৃথক করে রেখেছে। এটা আমাদের সৃষ্টিকর্তাকে জানতে ও তাঁর সাথে এক অর্থপূর্ণ সম্পর্ক স্থাপন করতে বাঁধা দেয়। সুতরাং, আমাদের অনেকেই এই শূন্য স্থানটি অন্যান্য বিষয় দিয়ে পূর্ণ করার চেষ্টা করি।

পাপের আরও একটা পরিণাম হল ঈশ্বরের থেকে অনন্তকালের জন্য পৃথক হয়ে যাওয়া। ঈশ্বরের আদালতে, পাপের বেতন মৃত্যু। মৃত্যু হল নরকে প্রবেশ করার ফলস্বরূপ ঈশ্বরের থেকে অনন্তকালীন পৃথকীকরণ।

কিন্তু, আমাদের জন্য একটা সুসংবাদ আছে যে আমরা পাপ থেকে মুক্তি পেতে পারি এবং ঈশ্বরের সাথে পুনরায় সম্পর্ক স্থাপন করতে পারি। বাইবেল বলে, ***"কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন"*** **(রোমীয় 6:23)**। যীশু তাঁর ক্রুশীয় মৃত্যু দ্বারা সমস্ত পৃথিবীর পাপের মূল্য পরিশোধ করলেন। তারপর, তিন দিন পর তিনি মৃত্যু থেকে বেঁচে উঠলেন, তিনি নিজেকে জীবিত অবস্থায় অনেক মানুষের কাছে দেখা দিলেন এবং তারপর তিনি স্বর্গে চলে গেলেন।

ঈশ্বর প্রেমের ও দয়ার ঈশ্বর। তিনি চান না যে একটা মানুষও নরকে শাস্তি পাক। আর সেই কারণে, তিনি এসেছিলেন, যাতে তিনি সমুদয় মানবজাতির জন্য পাপ ও পাপের পরিণাম থেকে মুক্তি পাওয়ার একটা পথ প্রদান করতে পারেন। তিনি পাপীদের উদ্ধার করতে এসেছিলেন—আপনার এবং আমার মতো মানুষদের পাপ থেকে ও অনন্তকালীন মৃত্যু থেকে উদ্ধার করতে এসেছিলেন।

পাপের এই ক্ষমাকে বিনামূল্যে গ্রহণ করতে গেলে, বাইবেল আমাদের বলে যে আমাদের একটা কাজ করতে হবে—প্রভু যীশু খ্রীষ্ট ক্রুশের উপর যা করেছিলেন তা স্বীকার করতে হবে এবং তাঁকেই সমস্ত অন্তঃকরণ দিয়ে বিশ্বাস করতে হবে।

***"... যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে তাঁহার নামের গুণে পাপমোচন প্রাপ্ত হয়"* (প্রেরিত 10:43)।**

***"কারণ তুমি যদি 'মুখে' যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং 'হৃদয়ে' বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে"* (রোমীয় 10:9)।**

আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেন, তাহলে আপনিও আপনার পাপের ক্ষমা লাভ করতে পারেন ও শুচিকৃত হতে পারেন।

নিম্নলিখিত একটা সহজ প্রার্থনা রয়েছে যা আপনাকে প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস তথা তিনি ক্রুশের উপর যা করেছেন, তা সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই প্রার্থনাটি যীশুর বিষয়ে আপনার অঙ্গীকারকে ব্যক্ত করতে ও পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করতে সাহায্য করবে। এই প্রার্থনাটি একটা নির্দেশরেখা মাত্র। এই প্রার্থনাটি আপনি আপনার নিজের ভাষাতেও করতে পারেন।

*প্রিয় প্রভু যীশু, আজ আমি বুঝতে পেরেছি যে তুমি আমার জন্য ক্রুশের উপর কী সাধন করেছো। তুমি আমার জন্য মারা গেছ, তুমি তোমার বহুমূল্য রক্ত সেচন করেছ এবং আমার পাপের মূল্য দিয়েছ, যাতে আমি ক্ষমা লাভ করতে পারি। বাইবেল আমাকে বলে যে কেউ তোমার উপর বিশ্বাস করবে, সে তার পাপের ক্ষমা লাভ করবে।*

*আজ, আমি তোমাকে বিশ্বাস করার এবং তুমি আমার জন্য যা করেছো, তা গ্রহণ করার একটা সিদ্ধান্ত নিই, এবং বিশ্বাস করি যে তুমি আমার জন্য ক্রুশে মারা গিয়েছ এবং মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছ। আমি বিশ্বাস করি যে আমি আমার উত্তম কাজ দ্বারা নিজেকে উদ্ধার করতে পারব না, না অন্য কোন মানুষও আমাকে উদ্ধার করতে পারবে। আমি আমার পাপের ক্ষমা অর্জন করতে পারি না।*

*আজ, আমি আমার হৃদয়ে বিশ্বাস করি এবং আমার মুখে স্বীকার করি যে তুমি আমার জন্য মারা গিয়েছ, তুমি আমার পাপের মূল্য দিয়েছ, তুমি মৃতদের মধ্যে থেকে উত্থিত হয়েছ, এবং তোমার উপর বিশ্বাস করার মধ্যে দিয়ে, আমি আমার পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করি।*

*যীশু তোমাকে ধন্যবাদ। আমাকে সাহায্য কর যেন আমি তোমাকে প্রেম করতে পারি, তোমাকে আরও জানতে পারি এবং তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারি। আমেন।*

# অল পিপালস্ চার্চের সম্বন্ধে কিছু কথা

অল পিপালস্ চার্চ (APC) তে, আমাদের দর্শন হল বেঙ্গালুরু শহরে একটা লবণ ও জ্যোতির মতো হওয়া এবং সমগ্র ভারতবর্ষে ও পৃথিবীর অন্যান্য দেশে একটা রব হওয়া।

অল পিপালস্ চার্চ হল **যীশুকে প্রেম করা, ঈশ্বরের বাক্য কেন্দ্রিক, পবিত্র আত্মায় পূর্ণ,** পরিবার মণ্ডলী, একটি প্রস্তুতির কেন্দ্র, এক মিশন ভিত্তিক ও বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী।

- একটি **পরিবার মণ্ডলী** হিসেবে, আমরা খ্রীষ্ট-কেন্দ্রিক সহভাগীতায় একটি সম্প্রদায় হিসেবে বেড়ে উঠি, ঈশ্বরের দেহ হিসেবে পরস্পরের যত্ন নিয়ে থাকি ও প্রেম করি।
- একটি **প্রস্তুতি কেন্দ্র** হিসেবে, আমরা প্রত্যেক বিশ্বাসীকে শক্তিযুক্ত করি ও প্রস্তুত করি একটি বিজয়ী জীবনযাপন করার জন্য, খ্রীষ্টের প্রতিমূর্তি অনুযায়ী পরিপক্ক হওয়ার জন্য এবং তাদের জীবনে ঈশ্বরের উদ্দেশ্যকে পূর্ণ করার জন্য।
- এক **মিশন ভিত্তিক** হিসেবে, এই শহরটিকে, আমাদের দেশকে আশীর্বাদ করার জন্য ও ঈশ্বরের বাক্যের মধ্যে দিয়ে অন্যান্য দেশে যীশু খ্রীষ্টের সম্পূর্ণ সুসমাচার নিয়ে যাওয়ার জন্য ও পবিত্র আত্মার শক্তির অলৌকিক প্রদর্শন করার জন্য অর্থপূর্ণ পরিচর্যাতে নিজেদের নিযুক্ত করি।
- এক **বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী** হিসেবে, আমরা স্থানীয়ভাবে ও বিশ্বব্যাপীভাবে ঈশ্বরভক্ত নেতৃবৃন্দ ও আত্মায় পূর্ণ মণ্ডলীগুলিকে লালন-পালন করার দ্বারা সেবা করে থাকি, যারা ঈশ্বরের রাজ্যের জন্য তাদের অঞ্চলগুলিতে প্রভাব বিস্তার করতে পারে।

অল পিপালস্ চার্চে, ঈশ্বরের আত্মার অভিষেক ও প্রদর্শনে ঈশ্বরের সম্পূর্ণ ও আপসহীন বাক্যকে উপস্থাপন করার জন্য অঙ্গীকারবদ্ধ। আমরা বিশ্বাস করি যে ভালো সঙ্গীত, সৃজনশীল উপস্থাপনা, অসাধারণ অ্যাপলজেটিক্স, সমকালীন পরিচর্যার পদ্ধতি, আধুনিক প্রযুক্তি, ইত্যাদি কখনই ঈশ্বরের পবিত্র আত্মার শক্তিতে, চিহ্নকাজ, আশ্চর্যকাজ, পবিত্র আত্মার বরদান সহকারে, ঈশ্বরের বাক্য ঘোষণা করার ঈশ্বর দ্বারা নির্ধারিত পদ্ধতির বিকল্প হতে পারে না (1 করিন্থীয় 2:4,5; ইব্রীয় 2:3,4)। আমাদের মূল বিষয় হলেন যীশু, আমাদের বিষয়বস্তু হল ঈশ্বরের বাক্য, আমাদের পদ্ধতি হল পবিত্র আত্মার শক্তি, আমাদের আবেগ হল মানুষ, এবং আমাদের লক্ষ্য হল খ্রীষ্টের মত পরিপক্কতা।

বেঙ্গালুরুতে আমাদের প্রধান কার্যালয় থাকা সত্ত্বেও, ভারতবর্ষের বিভিন্ন স্থানে অল পিপালস্ চার্চ -এর অনেক মণ্ডলী রয়েছে। অল পিপালস্ চার্চ -এর মণ্ডলীর তালিকা এবং যোগাযোগ নম্বর পেতে গেলে, আমাদের ওয়েবসাইটে **apcwo.org/locations** দেখুন, অথবা **contact@apcwo.org** এ ই-মেইল পাঠান।

# বিনামূল্যে যে পুস্তকগুলি উপলব্ধ আছে

A Church in Revival
A Real Place Called Heaven
A Time for Every Purpose
Ancient Landmarks
Baptism in the Holy Spirit
Being Spiritually Minded and Earthly Wise
Biblical Attitude Towards Work
Breaking Personal and Generational Bondages
Change
Code of Honor
Divine Favor
Divine Order in the Citywide Church
Don't Compromise Your Calling
Don't Lose Hope
Equipping the Saints
Foundations (Track 1)
Fulfilling God's Purpose for Your Life
Giving Birth to the Purposes of God
God Is a Good God
God's Word—The Miracle Seed
How to Help Your Pastor
Integrity
Kingdom Builders
Laying the Axe to the Root
Living Life Without Strife
Marriage and Family
Ministering Healing and Deliverance
Offenses—Don't Take Them
Open Heavens
Our Redemption
Receiving God's Guidance
Revivals, Visitations and Moves of God
Shhh! No Gossip!
The Conquest of the Mind
The Father's Love
The House of God
The Kingdom of God
The Mighty Name of Jesus
The Night Seasons of Life
The Power of Commitment
The Presence of God
The Redemptive Heart of God
The Refiner's Fire
The Spirit of Wisdom, Revelation and Power
The Wonderful Benefits of Praying in Tongues
Timeless Principles for the Workplace
Understanding the Prophetic
Water Baptism
We Are Different
Who We Are in Christ
Women in the Workplace
Work—Its Original Design

নিয়মিত নতুন পুস্তক প্রকাশিত হয়ে থাকে। উপরের পুস্তকগুলির PDF সংস্করণ, অডিও, এবং অন্যান্য মাধ্যমে বিনামূল্যে চার্চের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন: **apcwo.org/books** এই পুস্তকগুলির মধ্যে অনেকগুলি অন্যান্য ভাষাতেও উপলব্ধ রয়েছে। এ ছাড়াও, বিনামূল্যে অডিও ও ভিডিও-তে প্রচার শোনার জন্য, প্রচারের টীকা, এবং আরও অন্যান্য নিশুল্ক উপাদান লাভ করার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন: **apcwo.org/sermons**

# ক্রিসালিস কাউন্সেলিং

ক্রিসালিস কাউন্সেলিং ব্যক্তিগত পরামর্শ প্রদান করে থাকে মানুষকে জীবনের প্রতিকূলতাগুলিকে সম্মুখীন ও অতিক্রম করতে সাহায্য করার জন্য। ক্রিসালিস কাউন্সেলিং হল পেশাগত ভাবে প্রশিক্ষিত ও অভিজ্ঞ খ্রীষ্টিয় পরামর্শদাতাদের একটি দল।

আমাদের এই পরিষেবা সকল বয়সের মানুষদের জন্য উপলব্ধ রয়েছে এবং জীবনের বিভিন্ন প্রকারের প্রতিকূলতার সাথে মোকাবিলা করে থাকে।

**কৈশোর**
**ব্যক্তিগত মীমাংসা**
**সম্পর্ক সম্বন্ধীয় সমস্যা**
**পড়াশোনায় বিফলতা**
**কর্মক্ষেত্রে সমস্যা**
**পরিবার/দম্পতি: প্রাক-বিবাহ, বিবাহ**
**পিতা-মাতা/সন্তান/ভাই-বোন/সমকক্ষ**

**আচরণগত ব্যাধি**
**পার্সোনালিটি ডিসঅর্ডার**
**মনস্তাত্ত্বিক/আবেগজনিত সমস্যা**
**মানসিক চাপ/মানসিক আঘাত**
**মদ/মাদক আসক্তি**
**আধ্যাত্মিক সমস্যা**
**লাইফ কোচিং**

ক্রিসালিস কাউন্সেলিং -এর পরিষেবা ফি সাশ্রয়ী ও সহজে উপলব্ধ।

আমাদের কোন একজন প্রশিক্ষিত পরামর্শদাতার সাথে অ্যাপয়েন্টমেন্ট -এর সময় স্থির করার জন্য:

**ওয়েবসাইট: chrysalislife.org**
**ফোন:** +91-80-25452617 অথবা টোল ফ্রি (শুধুমাত্র ভারতে) 1-800-300-00998
**ই-মেইল: counselor@chrysalislife.org**

ক্রিসালিস কাউন্সেলিং **অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ**-এর একটি পরিচর্যা।

# অল পিপালস্ চার্চের সাথে অংশীদারিত্ব করুন

অল পিপালস্ চার্চ একটি স্থানীয় মণ্ডলী হিসেবে নিজ সীমার ঊর্ধ্বে গিয়ে সমগ্র ভারতবর্ষ জুড়ে পরিচর্যা করে থাকে, বিশেষ করে উত্তর ভারতে, যেখানে আমরা বিশেষ ভাবে লক্ষ্য কেন্দ্র করি (ক) নেতাদের শক্তিযুক্ত করা, (খ) পরিচর্যার জন্য যুবক-যুবতীদের তৈরি করা এবং (গ) খ্রীষ্টের দেহকে গেঁথে তোলা। যুবক-যুবতীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ সেমিনার, এবং খ্রীষ্টিয় নেতাদের জন্য অধিবেশন সমস্ত বছর জুড়ে আয়োজন করা হয়ে থাকে। এ ছাড়াও, বিশ্বাসীদের বাক্যে ও আত্মায় তৈরি করার উদ্দেশ্য নিয়ে ইংরাজিতে ও অন্যান্য ভারতীয় ভাষায় কয়েক হাজার পুস্তক বিনামূল্যে বিতরণ করা হয়ে থাকে।

আমরা আপনাকে এককালীন দান প্রদান অথবা মাসিকভাবে আর্থিক দান পাঠানোর দ্বারা আর্থিকভাবে অংশীদারিত্ব করার জন্য আহ্বান জানাই। আমাদের দেশব্যাপী এই কাজের জন্য সাহায্যার্থে আপনার পাঠানো যে কোন পরিমাণ অর্থ বিশেষভাবে সমাদৃত হবে।

আপনারা আপনাদের দান চেক/ব্যাংক ড্রাফটের দ্বারা “All Peoples Church” এই নামে আমাদের কার্যালয়ের ঠিকানায় পাঠাতে পারেন। নতুবা, আপনি সরাসরি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে দান করতে পারেন। আমাদের ব্যাংক একাউন্ট নিচে দেওয়া হল:

**একাউন্টের নাম:** All Peoples Church
**একাউন্ট নম্বর:** 50200068829058
**IFSC কোড:** HDFC0004367
**ব্যাংকের নাম:** HDFC Bank, 7M/308 80Ft Rd, HRBR Layout, Kalyan Nagar, Bengaluru, 560043, Karnataka, India

***অনুগ্রহ করে লক্ষ্য রাখবেন:*** *অল পিপালস্ চার্চ শুধুমাত্র কোনো ভারতীয় ব্যাংক থেকেই অর্থ গ্রহণ করতে পারে। যখন আপনি দান করছেন, যদি চান, তাহলে আপনি উল্লেখ করতে পারেন যে আমাদের পরিচর্যার কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য আপনি দান করছেন। অতিরিক্ত তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:* **apcwo.org/give**

এ ছাড়াও, আমাদের জন্য ও আমাদের পরিচর্যার জন্য যখনই সম্ভব, প্রার্থনায় স্মরণে রাখবেন।

**ধন্যবাদ ও ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন!**


# DOWNLOAD THE FREE APP!

*Search for*

"All Peoples Church Bangalore"
in the App or Google play stores.

Available on the App Store

ANDROID APP ON Google play







***A daily 5-minute video devotional.***
***A daily Bible reading and prayer guide.***
***5-minute Sermon summary.***
***Toolkit with Scriptures on various topics to build faith and information to share the Gospel.***
***Resources with sermons, sermon notes, TV programs, books, music and more***

***IF YOU LOVE IT, TELL OTHERS ABOUT IT!***

# অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ

apcbiblecollege.org

অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ এবং পরিচর্যা প্রশিক্ষণ কেন্দ্র (APC-BC), যা বেঙ্গালুরুতে অবস্থিত, আত্মায় পরিপূর্ণ, অভিষিক্ত এবং পবিত্র আত্মার শক্তিতে অলৌকিক ভাবে পরিচর্যা করার ক্ষমতা প্রদান করার মধ্যে দিয়ে প্রশিক্ষণ দেয়, এবং তার সাথে নিরাময় ঈশ্বরের বাক্য শেখানো হয়। আমরা পরিচর্যার জন্য একটা ব্যক্তিকে সম্পূর্ণ ভাবে গঠন করাতে বিশ্বাস করি, যেখানে আমরা একটি ঐশ্বরিক চরিত্রে, ঈশ্বরের বাক্যে গভীরে প্রবেশ করা, এবং আশ্চর্য কাজ ও চিহ্ন কাজ দ্বারা পরিচর্যা করায় জোর দিই, যা প্রভুর সাথে একটা ঘনিষ্ট সম্পর্ক থেকে উত্থাপিত হয়।

অল পিপালস্ চার্চ বাইবেল কলেজে, নিরাময় বাক্য শেখানোর সাথে সাথে আমরা ঈশ্বরের প্রেমকে আমাদের কাজকর্মের মধ্যে দিয়ে প্রকাশিত করার উপর, পবিত্র আত্মার অভিষেক ও উপস্থিতি এবং ঈশ্বরের কাজের অলৌকিক কাজের উপর গুরুত্ব দিই। অনেক যুবক যুবতীরা প্রশিক্ষিত হয়ে ঈশ্বরের আহ্বান পূর্ণ করার জন্য প্রেরিত হয়েছে।

নিম্নলিখিত তিনটি কার্যক্রম আমরা প্রদান করি:

- এক বছরের সার্টিফিকেট ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (C.Th.)
- দুই বছরের ডিপ্লোমা ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (Dip.Th.)
- তিন বছরের ব্যাচেলর ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (B.Th.)

সপ্তাহের পাঁচ দিন ক্লাস নেওয়া হয়, **সোমবার থেকে শুক্রুবার, সকাল 9 টা থেকে দুপুর 12 টা (UTC +5:30) পর্যন্ত।** শিক্ষা গ্রহণ করার তিনটি বিকল্প আমরা প্রদান করে থাকি।

- **চার্চ ক্যাম্পাসে:** ক্যাম্পাসের মধ্যে শারীরিক ভাবে মিলিত হয়ে ক্লাস করা।
- **অনলাইন:** অনলাইনে লাইভ লেকচারগুলিতে অংশগ্রহণ করতে পারেন।
- **ই-লার্নিং:** অনলাইন পোর্টালের মাধ্যমে নিজের সুবিধামত গতিতে শিক্ষা গ্রহণ করা। **apcbiblecollege.org/elearn**

**অনলাইনে আবেদন** করার জন্য, এবং কলেজ, পাঠ্যক্রম, অংশগ্রহণ করার জন্য যোগ্যতা, খরচ সম্বন্ধে আরও তথ্য জানার জন্য এবং আবেদন ফর্ম ডাউনলোড করার জন্য, অনুগ্রহ করে **apcbiblecollege.org** ওয়েবসাইট দেখুন।

আপনাকে “বড়” অথবা “ছোট” বিষয় করার জন্য আহ্বান করা হোক না কেন, আপনি প্রতিকূলতার সম্মুখীন হবেন যা আপনাকে ঈশ্বরের আহ্বানকে পূর্ণ করা থেকে আটকাতে পারে। আপনি বিক্ষিপ্ত হতে পারেন, জীবনের দৈনন্দিন বিষয়ে জর্জরিত হয়ে পড়তে পারেন অথবা আপনার শক্তি সাফল্য, ধন অথবা ব্যক্তিগত লক্ষ্যগুলিকে অনুধাবন করাতে ব্যায় করতে পারেন। ঈশ্বরের বাক্য, স্বপ্ন ও দর্শন যা পবিত্র আত্মা আপনাকে দিয়েছেন, সেইগুলিকে আপনি হয়ত একটা কোনে সরিয়ে রেখেছেন।

এই পুস্তকটি আপনাকে উদ্দীপিত করবে এবং সেই ফাঁদগুলির বিষয়ে সাবধান করে দেবে যার মধ্যে আপনি আটকে পড়তে পারেন। উত্তম যুদ্ধে লড়াই করুন এবং সেই দৌড়কে সম্পন্ন করুন যা আপনার সামনে রাখা হয়েছে।

**All Peoples Church & World Outreach**
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: contact@apcwo.org
Website: apcwo.org